# খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

# ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষঃ ২০০৭-২০০৮

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ বি, এস-সি, ইঞ্জিনিয়ারিং কোর্সে সিভিল ইঞ্জিনিয়ারিং (CE), ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE), মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (ME), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE), ইলেক্ট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং (ECE), ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং এন্ড ম্যানেজমেন্ট (IEM) বিভাগে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

১। **ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাঃ**

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ) প্রার্থীকে ২০০৭ সালে উচ্চ মাধ্যমিক বা তার সমমানের পরীক্ষায় পাশ হতে হবে অথবা ২০০৬ সালের নভেম্বরের পরে 'A' লেভেল সার্টিফিকেট প্রাপ্ত হতে হবে।

গ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড থেকে মাধ্যমিক পরীক্ষায় কমপক্ষে জিপিএ ৪.০০ পেয়ে পাশ হতে হবে অথবা সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঘ) প্রার্থীকে বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড থেকে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী এই চার বিষয়ে কমপক্ষে মোট জিপি ১৭ এবং উল্লিখিত প্রত্যেকটি বিষয়ে আলাদাভাবে কমপক্ষে জিপি ৩.৫০ পেয়ে উচ্চ মাধ্যমিক/আলীম/সমমানের পরীক্ষায় পাশ অথবা বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় উক্ত বিষয়সমূহে কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাশ হতে হবে।

ঙ) প্রার্থী GCE 'O' লেভেল এবং 'A' লেভেল পাশ করে থাকলে তার ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত নিয়মসমূহ প্রযোজ্য হবেঃ GCE 'O' লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি পেপারে পাশ হতে হবে এবং GCE 'A' লেভেল পরীক্ষায় পদার্থবিদ্যা, রসায়ন ও গণিতে গড়ে B গ্রেড পেয়ে পাশ হতে হবে।

২। **আসন সংখ্যাঃ**

সর্বমোট ৪৮৫টি আসন সংখ্যার বন্টন নিম্নরূপ হবেঃ

| CE | EEE | ME | CSE | ECE | IEM | সংরক্ষিত | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| ১২০ | ১২০ | ১২০ | ৬০ | ৩০ | ৩০ | ৫ | ৪৮৫ |

৩। **আবেদনপত্র সংগ্রহ ও জমাদানের নিয়মঃ**

আবেদনপত্রের নির্ধারিত ফরম, ওএমআর শীট এবং ভর্তি বিষয়ক তথ্যাবলী ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট অথবা জনতা ব্যাংক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখায় চলতি হিসাব নং ১৪৩ বরাবর নগদ ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা জমার রশিদের বিনিময়ে রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর অফিস থেকে অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। ডাকযোগে আবেদনপত্র পেতে হলে নীচের ঠিকানায় ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফটসহ ১৫/-(পনের) টাকার ডাক টিকেট সম্বলিত স্পষ্ট অক্ষরে প্রার্থীর ঠিকানাযুক্ত ২২ সে.মি.x৩০ সে.মি. (আনুমানিক) আকারের একটি খাম পাঠাতে হবে।

| ফরম প্রাপ্তি ও জমা দেয়ার ঠিকানা | ব্যাংক ড্রাফট করার পদ্ধতি |
|---|---|
| রেজিস্ট্রার<br>খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়<br>খুলনা-৯২০৩ | "সভাপতি, ভর্তি কমিটি, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়" এর অনুকূলে শুধুমাত্র জনতা ব্যাংক, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা, খুলনা এর উপর প্রদত্ত (অন্য কোন ব্যাংকের ড্রাফট গ্রহণযোগ্য নয়)। |

৪। **ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী নির্বাচনঃ**

নির্দিষ্ট সময়ের মধ্যে প্রাপ্ত সকল বৈধ আবেদনপত্রের মধ্য থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজী, এ চার বিষয়ে প্রাপ্ত মোট গ্রেড পয়েন্টের ভিত্তিতে একটি মেধা তালিকা তৈরী করা হবে। প্রার্থী সংখ্যা বেশী হলে এ তালিকা থেকে প্রথম ৪০০০ (চার হাজার) জন প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে। তবে ৪০০০ তম প্রার্থী একাধিক হলে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত বিষয়ভিত্তিক গ্রেড পয়েন্ট যথাক্রমে গণিত, পদার্থবিদ্যা, রসায়ন, ইংরেজী এবং প্রয়োজনে এইচ.এস.সির জিপিএ ও এস.এস.সির জিপিএ এর অগ্রাধিকারের ভিত্তিতে ৪০০০ তম প্রার্থীর মধ্যে ন্যূনতম সংখ্যক প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে।

৫। **ভর্তি পরীক্ষার বিষয়বস্তু ও নির্ধারিত নম্বরঃ**

২০০৭ইং সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় গণিত, পদার্থবিদ্যা ও রসায়নে যে পাঠ্যসূচী ছিল প্রধানতঃ তার উপর এবং Functional English-এর উপর ভিত্তি করে ২ ঘন্টা ৩০ মিনিট ব্যাপী সর্বমোট ৫০০ (গণিত-১৫০, পদার্থবিদ্যা-১৫০, রসায়ন-১৫০ এবং ইংরেজী-৫০) নম্বরের MCQ পদ্ধতিতে পরীক্ষা নেয়া হবে।

৬। **ভর্তি পরীক্ষা সংক্রান্ত সময়সূচীঃ**

| | |
|---|---|
| ক) ভর্তি পরীক্ষার আবেদনপত্র বিতরণ শুরু | ৭ অক্টোবর, ২০০৭ইং রবিবার, সকাল ৯টা। |
| খ) ভর্তি পরীক্ষার আবেদনপত্র জমা দেয়ার শেষ সময় | ১১ নভেম্বর, ২০০৭ইং রবিবার, বিকাল ৫টা। |
| গ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ | ১৮ নভেম্বর, ২০০৭ইং, রবিবার। |
| ঘ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | ২৪ নভেম্বর, ২০০৭ইং, শনিবার<br>সকাল ১০:০০টা হতে দুপুর ১২:৩০ টা পর্যন্ত। |
| ঙ) ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের নামের তালিকা প্রকাশ ও ভর্তির তারিখ ঘোষণা | ২৯ নভেম্বর, ২০০৭ইং বৃহস্পতিবার। |

৭। ভর্তি সংক্রান্ত বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য ওয়েবসাইটে অথবা রেজিস্ট্রার, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর দপ্তরে যোগাযোগ করতে হবে।

**ওয়েবসাইটঃ www.kuet.ac.bd**

26. 9. 07

রেজিস্ট্রার
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

GD-3322